



শামীম আহমেদ
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী

Shameem Ahmed
Deputy Commissioner & District Magistrate
Rajshahi District, Bangladesh

ডিও পত্র নং-০৫.৪৩.৮১০০.০০২.০০৪.০০৫.২৪-১৬

তারিখ: ২৩/০১/২০২৪


প্রিয় সহকর্মী

আমার আন্তরিক শুভেচ্ছা গ্রহণ করুন।

অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন বর্তমান সরকারের একটি গুরুত্বপূর্ণ ও যুগান্তকারী উদ্যোগ। বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে সকল নাগরিকের একটি শুদ্ধ তথ্যভান্ডার প্রস্তুতকরণে জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্যাদি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকার কর্তৃক নির্ধারিত জন্ম নিবন্ধনের ক্ষেত্রে মাসিক লক্ষ্যমাত্রা ১০০% এবং মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে ৮০% নির্ধারিত হয়েছে। বিগত ০৬ মাসের (জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩) জন্ম ও মৃত্যু নিবন্ধনের তথ্য পর্যালোচনায় দেখা যায়, আপনার পৌরসভার জন্ম নিবন্ধনের গড় হার ১৩৪.০২% এবং মৃত্যু নিবন্ধনের গড় হার ৮৮.৩৩%। আপনার পৌরসভা জন্ম ও মৃত্যু নিবন্ধনের মাসিক লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হওয়ায় আপনিসহ আপনার পৌরসভার সকল কর্মকর্তা-কর্মচারীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। আশা করি ভবিষ্যতেও জাতীয় গুরুত্বপূর্ণ এ কার্যসম্পাদনে এ ধরনের ভূমিকা অব্যাহত থাকবে এবং তা উত্তরোত্তর বৃদ্ধি পাবে।

আপনার সুস্বাস্থ্য ও সর্বাঙ্গীন মঙ্গল কামনা করছি।

একেএম আতাউর রহমান
মেয়র, কাঁকনহাট পৌরসভা
গোদাগাড়ী, রাজশাহী


২৩/০১/২০২৪
(শামীম আহমেদ)